

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বস্ত্র অধিদপ্তর

বস্ত্র ও পাট মন্ত্রণালয়

এম আই শাখা

বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯ কাওরান বাজার,

ঢাকা-১২১৫।

www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.১৮.১২৮.১৯-১৫৩

তারিখ: ৭ আশ্বিন ১৪২৬

২২ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজে ভর্তি বিজ্ঞপ্তি (সংশোধিত) (শিক্ষা বর্ষ ২০১৯-২০২০)

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র অধিদপ্তর কর্তৃক পরিচালিত এবং বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ৬টি সরকারী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজে বিভিন্ন বিভাগে নিম্নে বর্ণিত ৪ (চার) বছর মেয়াদি বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্সে ২০১৯-২০ শিক্ষাবর্ষে ভর্তি ছাত্র/ছাত্রীর নিকট থেকে নির্ধারিত পদ্ধতিতে আবেদন আহবান করা যাচ্ছে।

১. শিক্ষা প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও আসন সংখ্যাঃ

ক্রঃ নং	কলেজের নাম ও ঠিকানা	কলেজ কোড ও পরীক্ষা কেন্দ্র কোড	বিভাগ অনুযায়ী আসন সংখ্যা
১.	টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, জোরারগঞ্জ, মিরসরাই, চট্টগ্রাম।	Z	১২০
২.	পাবনা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, শালগাড়িয়া, পাবনা।	P	১২০
৩.	টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, বেগমগঞ্জ, নোয়াখালী।	N	১২০
৪.	শহীদ আবদুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, সি এন্ড বি রোড, বরিশাল।	B	১২০
৫.	শেখ কামাল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, আড়ুয়াকান্দি, পোড়াহাটি, ঝিনাইদহ।	K	১২০
৬.	ড. এম এ ওয়াজেদ মিয়া টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, পীরগঞ্জ, রংপুর	R	১২০
			সর্বমোট ৭২০

২. ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের ন্যূনতম যোগ্যতাঃ

(ক) প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বা নাগরিকত্ব গ্রহণে বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে।

(খ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন শিক্ষা বোর্ড থেকে ২০১৬ অথবা ২০১৭ সনে অনুষ্ঠিত এসএসসি বিজ্ঞান/সমমান পরীক্ষায় অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় এবং ২০১৮ অথবা ২০১৯ সনে অনুষ্ঠিত এইচএসসি বিজ্ঞান কিংবা উহার সমমানের পরীক্ষায় পাশ করতে হবে।

(গ) এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় বিজ্ঞান বিভাগে উভয় পরীক্ষায় প্রত্যেকটিতে ন্যূনতম ৩.৫০ গ্রেড পয়েন্ট থাকলে আবেদন করতে পারবে। তবে তাদের এইচএসসি পরীক্ষায় গণিত, পদার্থ, রসায়ন ও ইংরেজীতে মোট গ্রেড পয়েন্ট কমপক্ষে ১৫.০০ পেতে হবে। উপরোক্ত বিষয়সমূহে আলাদাভাবে ন্যূনতম ৩.০০ গ্রেড পয়েন্ট পেতে হবে।

৩. আবেদনের সময় সীমাঃ ১৫ অক্টোবর ২০১৯ হতে ৩০ নভেম্বর ২০১৯ তারিখের মধ্যে আবেদন করতে হবে।

৪. ভর্তি সংশ্লিষ্ট তারিখ ও সময় সূচীঃ

ভর্তি সংক্রান্ত কার্যক্রম	তারিখ
(ক) অন লাইনে আবেদন করার সময় সীমা	১৫/১০/২০১৯ সকাল ১০:০০ ঘটিকা হতে ৩০/১১/২০১৯ তারিখ রাত ১২:০০ ঘটিকা পর্যন্ত
(খ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময়	তারিখঃ ২০/১২/২০১৯ সময় ১০:০০ ঘটিকা থেকে ১১:২০ ঘটিকা পর্যন্ত
(ঘ) ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ	২২/১২/২০১৯ বস্ত্র অধিদপ্তর ও সকল কলেজের ওয়েব সাইট এবং নোটিশ বোর্ড

বিঃ দ্রঃ অন লাইনে আবেদন করার পদ্ধতিসহ বিস্তারিত ভর্তি বিজ্ঞপ্তি বস্ত্র অধিদপ্তরের ওয়েব সাইট www.dot.gov.bd তে পাওয়া যাবে। ভর্তি সংক্রান্ত ব্যাপারে কোন তথ্য জানতে ৯১১৯৮৩৭ এবং ৫৫০১২১৬৬ (সকাল ৯:০০ থেকে বিকাল ৫:০০টা) নম্বর ফোনে যোগাযোগ করা যেতে পারে।

২২-৯-২০১৯

দিলীপ কুমার সাহা

মহাপরিচালক

ফোন: ০২-৯১৩৮৬৬১

ফ্যাক্স: ০২-৯১১৩৫৪৫

ইমেইল: dg@dot.gov.bd